সংবাদ ৪০

তারিখ ২৮/১১/৮১
পৃষ্ঠা...

## ঝিনাইদহ সরকারী কলেজের অধ্যক্ষ লাঞ্ছিত

কোটচাঁদপুর, ২৩শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।---ঝিনাইদহ সরকারী কেশব চন্দ্র মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আমজাদ হোসেন গত ২১শে নভেম্বর একদল ছাত্র কর্তৃক চরমভাবে লাঞ্ছিত হয়েছেন। মহাবিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক শহিদুল ইসলামকে অন্যত্র বদলী করাকে কেন্দ্র করেই ঘটনার সূত্রপাত। ঐদিন এ অধ্যাপকের বদলী আদেশ বাতিল করার দাবীতে ছাত্ররা ক্লাস বর্জন করে অধ্যক্ষকে তাঁর অফিস কক্ষে প্রায় ৩ ঘন্টা আটক করে রাখে। পরে তাঁকে জোরপূর্বক অফিস কক্ষ থেকে বের করে এনে ছাত্ররা চরমভাবে লাঞ্ছিত করে। অধ্যক্ষ আমজাদ হোসেনকে ঝিনাইদহ-যশোরগামী বাসে উঠিয়ে দিয়ে ছাত্ররা জোরপূর্বক কলেজ ক্যাম্পাস ত্যাগ করতে বাধ্য করে।